# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
## পানি সম্পদ মন্ত্রণালয়
## বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

প্রকল্প পরিচালক, হাওর এলাকায় বন্যা ব্যবস্থাপনা ও জীবনযাত্রার মান উন্নয়ন প্রকল্প-বাপাউবো অংশ

এবং

মহাপরিচালক, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

১লা জুলাই, ২০২২ - ৩০ শে জুন, ২০২৩

# সূচিপত্র


| বিষয় | পৃষ্ঠা নং |
| --- | --- |
| কর্মসম্পাদনের সার্বিক চিত্র | ১-২ |
| প্রস্তাবনা | ৩ |
| সেকশন ১: সাধারণ কার্যাবলি | ৪ |
| সেকশন ২: কর্মসম্পাদন পরিকল্পনা | ৫ |
| সংযোজনী ১:  শব্দসংক্ষেপ | ৭ |
| সংযোজনী ২: কর্মসম্পাদন সূচকের পরিমাপ পদ্ধতি | ৮ |

# হাওর এলাকায় বন্যা ব্যবস্থাপনা ও জীবনযাত্রার মান উন্নয়ন প্রকল্প-বাপাউবো অংশ এর কর্মসম্পাদনের সার্বিক চিত্র

## সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ

প্রাক বর্ষা মৌসুমে (Pre monsoon) ভারতের পাহাড়ী এলাকায় অতিরিক্ত বৃষ্টিপাত হলে বাংলাদেশর উত্তর-পূর্বাঞ্চলের হাওর এলাকায় হঠাৎ বন্যার (Flush flood) সৃষ্টি হয়। ফলে এই এলাকার বোরো ফসল ডুবে যায়। ২০১০ সালের আগাম বন্যায় বোরো ফসলের ব্যাপক ক্ষতি হওয়ার পর এ বন্যার কবল থেকে মুক্তির উদ্দেশ্যে একটি সমীক্ষা সম্পাদন করা হয়। সমীক্ষার সুপারিশের ভিত্তিতে ১৪টি নুতন হাওর এবং ১৫টি পূনর্বাসন উপ-প্রকল্পসহ মোট ২৯টি উপ-প্রকল্প নিয়ে জিওবি ও জাইকার অর্থায়নে ''হাওর এলাকায় বন্যা ব্যবস্থাপনা ও জীবনযাত্রার মান উন্নয়ন (বাপাউবো অংশ)'' শীর্ষক একটি প্রকল্প হাতে নেয়া হয়। প্রকল্পে তিনটি অংশঃ ১। বন্যা ব্যবস্থাপনা, ২। গ্রামীণ অবকাঠামো উন্নয়ন এবং ৩। ক) কৃষি ও খ) মৎস্য সম্পদ উন্নয়নের মাধ্যমে জনগণের জীবনযাত্রার মান উন্নয়ন। বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড বন্যা ব্যবস্থাপনা ও কৃষি উন্নয়নের মাধ্যমে জীবনযাত্রার মান উন্নয়ন কার্যক্রমের কাজসমূহ বাস্তবায়ন করবে এবং গ্রামীণ অবকাঠামো উন্নয়ন ও মৎস সম্পদ উন্নয়নের কাজগুলি এলজিইডি বাস্তবায়ন করবে। বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়নের জন্য বাপাউবো হতে একটি ডিপিপি প্রণয়ন করা হলে তা ১৪-১০-২০১৪খ্রিঃ তারিখে একনেক সভায় অনুমোদিত হয়। পরবর্তীতে প্রকল্প বাস্তবায়নকালে পূর্বে সম্পাদিত সমীক্ষার পরিকল্পনা হালনাগাদ করার বিষয়টি অনুভূত হয়। সে মোতাবেক ২০১৭ সালে সমীক্ষার পরিকল্পনা হালনাগাদ করে প্রতিবেদন প্রণয়ন করা হয়। এই হালনাগাদ পরিকল্পনার সুপারিশের আলোকে প্রকল্পের ১ম সংশোধিত ডিপিপি প্রণয়ন করা হয়। সংশোধিত ডিপিপিটি গত ২৭-০২-২০১৮ খ্রিঃ তারিখে মাননীয় পরিকল্পনা মন্ত্রী কর্তৃক অনুমোদিত হয়।পরবর্তীতে প্রকল্পের ২য় সংশোধনী গত ০২-১২-২০২০খ্রিঃ তারিখে মাননীয় পরিকল্পনা মন্ত্রী কর্তৃক অনুমোদিত হয়। ২য় সংশোধিত DPP অনুযায়ী প্রকল্প এলাকার বন্যা ব্যবস্থাপনার জন্য ১৩টি নুতন হাওরে ২৬১.৬৫৩ কিঃমিঃ ডুবন্ত বাঁধ নির্মাণ, ১১১টি রেগুলেটর/কজওয়ে/ব্রীজ/বক্স ড্রেনেজ আউটলেটে (৪১+২৭+১+৪৩), ৩৩৫.৩৬৪কিঃমিঃ খাল/নদী পূনঃখনন, ১১৭ টি ইরিগেশন ইনলেট এবং ৭টি রেগুলেটর পূনর্বাসনের ব্যবস্থা রাখা হয়েছে। অপরদিকে ১৪টি পুনর্বাসন উপ-প্রকল্পে ১০৮.৯৭৪ কিঃমিঃ খাল/নদী পূনঃখনন, ৬৭.১১ কিঃমিঃ পূর্ণ উচ্চতার বাঁধ পুনর্বাসন, ৬১.২১ কিঃমিঃ ডুবন্ত বাঁধ পুনর্বাসন এবং ৫টি রেগুলেটর/কজওয়ে পুনঃস্থাপনের ব্যবস্থাও রাখা হয়েছে। এছাড়া প্রকল্প এলাকায় ৩০টি WMG অফিস নির্মাণের ব্যবস্থাও রাখা হয়েছে। ভৌত কাজের জন্য মোট ৬১টি প্যাকেজ এর টেন্ডার আহবান করা হয়েছে, ৪১টি প্যাকেজের কাজ সম্পন্ন করা হয়েছে এবং বাকী প্যাকেজের কার্যক্রম সমূহ চলমান রয়েছে। এ প্রকল্পের বন্যা ব্যবস্থাপনা অংশের আওতায় ২০ জুন, ২০২২ পর্যন্ত ২৪০ কিঃমিঃ বাঁধ নির্মাণ, ১২৫ কিঃমিঃ বাঁধ পুনঃনির্মাণ/মেরামত/পুনরাকৃতিকরণ, ৯৭ কিঃমিঃ ড্রেজারের মাধ্যমে নদী পুনঃখনন, ১০৫টি পানি নিয়ন্ত্রণ কাঠামো, ৪টি পানি নিয়ন্ত্রণ অবকাঠামো/কাঠামো পুনঃনির্মাণ/মেরামত/পুনর্বাসন, ১০৬টি ইরিগেশেন ইনলেট তৈরীর কার্যক্রমসমূহ সম্পন্ন হয়েছে। হাওর এলাকার জনগণের জীবনযাত্রার মান উন্নয়নে ৩৫৮টি WMG গঠন করা হবে; এ পর্যন্ত ৩০৫টি WMG গঠন করা হয়েছে যার সদস্য সংখ্যা ১,৫৫,২৬৬ জন (মহিল ৭০,৮৮০ জন) এবং সদস্যদের মোট সঞ্চয় ৫,২১,৬৯,৩৯৩.০০ টাকা (পাঁচ কোটি একুশ লক্ষ উনসত্তর হাজার তিনশত তিরানব্বই টাকা) যা পানি ব্যবস্থাপনা দলের আওতাধীন স্থানীয় ব্যংকে জমা আছে। উক্ত ৩০৫টি WMG এর মধ্যে ২৭৮টি WMG বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (বাপাউবো) কর্তৃক নিবন্ধন করা হয়েছে। প্রস্তাবকৃত ১,১৪,২০৮ জন স্টেকহোল্ডারের মধ্যে এ পর্যন্ত ১,০৫,১৯৪ জনকে প্রশিক্ষণসহ বিভিন্ন ধরনের সাপোর্ট সার্ভিস প্রদান করা হয়েছে।

## সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ

বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের আওতায় 'JICA'এর অর্থায়নে ভৌত কাজ বাস্তবায়নের মাধ্যমে গৃহীত এটিই প্রথম প্রকল্প। এ প্রকল্পের আওতায় উপ-প্রকল্পগুলো হাওর এলাকায় অবস্থিত বিধায় প্রকল্পের সকল ভৌত কাজ মধ্য ডিসেম্বরের আগে আরম্ভ করা সম্ভব নয় এবং এপ্রিল মাসের পর কাজ বাস্তবায়ন করার কোন পরিবেশ থাকে না। ফলে ভৌত কাজ সম্পাদনে খুবই কম সময় পাওয়া যায়। গত ২০১৭খ্রিঃ সালে মার্চ মাসের শেষে ভারতীয় পাহাড়ী ঢলে হঠাৎ বন্যা চলে আসায় প্রকল্পের ভৌত কাজ বাস্তবায়নের অগ্রগতি অনেকাংশে ব্যহত হয়।

২০১৯-২০ ও ২০২০-২১ অর্থ বছরে COVID-19 এর মহামারীর কারণে শ্রমিক স্বল্পতা, নির্মাণ সামগ্রী সংগ্রহ, সরকারী বিধি-নিষেধ মেনে প্রকল্পের কাজ নিবিড় পর্যবেক্ষণ করা সম্ভব না হওয়ায় প্রকল্পের অবকাঠামোসমূহের নির্মাণ কাজ বাঁধাগ্রস্থ হয়,

সরকারী সিদ্ধান্ত মোতাবেক গত মার্চ, ২০২০খ্রিঃ তারিখ হতে প্রায় ১ বৎসর ৯ মাসের মধ্যে সকল প্রকার সমাবেশ, কর্মশালা ও প্রশিক্ষণ নিষিদ্ধ থাকায় উপকারভোগীদের দপ্তর অর্থাৎ WMG(Water Management Group) অফিস বিল্ডিং যথাসময়ে নির্মিত না হওয়া এবং তার ফলে পানি ব্যবস্থাপনা দলের সহিত কোন মত বিনিময় না হওয়ায় উপকারভোগীদের O&M (Operation & Maintenance) কাজের প্রশিক্ষণের ব্যবস্থা করা সম্ভব হয় নি। তাই প্রকল্পের মূল পরিকল্পনা অনুযায়ী অবকাঠামো সমূহের পরিচালনা ও রক্ষণাবেক্ষণ নিমিত্তে প্রকল্পের পানি ব্যবস্থাপনা দলের (WMG) নিকট অবকাঠামো সমূহ হস্তান্তর করা সম্ভব হয় নি। এমতাবস্থায়, প্রকল্পের মূল পরিকল্পনা অনুযায়ী প্রকল্পের যাবতীয় ভৌত কাজ সমূহ শতভাগ সম্পন্ন করে সমাপ্তকৃত অবকাঠামোসমূহ পরিচালনা ও রক্ষণাবেক্ষণের (Operation & Maintenance) উদ্দেশ্যে এলাকার কৃষকদের নিকট WMG এর মাধ্যমে হস্তান্তরের জন্য ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে প্রকল্পের মেয়াদ জুন ২০২৩ পর্যন্ত ১ বছর বৃদ্ধি করা হয়। এছাড়া জমি অধিগ্রহণের দীর্ঘ সূত্রতার কারণেও প্রকল্পের ভৌত কাজ বাস্তবায়নের অগ্রগতি ব্যহত হয়। প্রকল্পের আওতাভূক্ত কিশোরগঞ্জ, হবিগঞ্জ, নেত্রকোনা ও সুনামগঞ্জ জেলার জেলা প্রশাসক দপ্তরের অধিকতর সহযোগিতা পেলে জমি অধিগ্রহণের সমস্যা সমাধান করা যাবে বলে আশা করা যায়।

## ভবিষ্যৎ পরিকল্পনা

''হাওর এলাকায় বন্যা ব্যবস্থাপনা ও জীবনযাত্রার মান উন্নয়ন প্রকল্প (বাপাউবো অংশ)'' শীর্ষক প্রকল্পটি জুন ২০২৩ শেষ হবে। উক্ত বাস্তবায়নাধীন প্রকল্পের কার্যক্রমসমূহ সফল সমাপ্তিপূর্বক প্রকল্পটির সার্বিক কাজ follow up করা এবং আরো নতুন কিছু হাওরের বন্যা ব্যবস্থাপনা ও জীবনযাত্রার মান উন্নয়নের লক্ষ্যে ২য় পর্যায়ে প্রকল্পের কাজ বাস্তবায়নের জন্য পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। "হাওর এলাকায় বন্যা ব্যবস্থাপনা ও জীবনযাত্রার মান উন্নয়ন (বাপাউবো অংশ), ২য় পর্যায় শীর্ষক প্রকল্পের কার্যক্রম গ্রহণের জন্য উন্নয়ন সহযোগী সংস্থা জাইকা (JICA), বাপাউবো এবং এলজিইডি কে যৌথভাবে প্রকল্প বাস্তবায়নের জন্য সম্মতি প্রদান করেছেন। পরিকল্পনা কমিশনের সেচ, পানি সম্পদ ও পল্লী প্রতিষ্ঠান বিভাগ এর সেচ অনুবিভাগ হতে ০৪ এপ্রিল ২০২২ খ্রিঃ তারিখে ২য় পর্যায়ের প্রকল্প গ্রহণের জন্য নীতিগত সম্মতি প্রদান করা হয়েছে এবং অর্থ মন্ত্রণালয়ের অর্থনৈতিক সম্পর্ক বিভাগ জাপান-১ শাখা হতে ০১ জুন ২০২২ খ্রিঃ তারিখ জাপান সরকারের নিকট নতুন প্রকল্পের ODA এর জন্য অনুরোধ করা হয়েছে। প্রস্তাবিত প্রকল্পের আওতায় মোট ৩৪ টি হাওর অন্তর্ভুক্ত রয়েছে। তন্মধ্যে কিশোরগঞ্জ জেলায় ১১টি, নেত্রকোনা জেলায় ৬টি, সুনামগঞ্জ জেলায় ৫টি, সিলেট জেলায় ২টি, ব্রাহ্মণবাড়িয়া জেলায় ৩টি, হবিগঞ্জ জেলায় ৬টি এবং মৌলভীবাজার জেলায় ১টি হাওর অবস্থিত। বর্ণিত হাওরসমূহে ২৯০ কিঃমিঃ Sustainable Submergible Embankment নির্মাণ, ১৭০ কিঃমিঃ খাল খননসহ আগাম বন্যা প্রতিরোধ এবং সেচ সুবিধা সম্প্রসারণের নিমিত্ত বিভিন্ন অবকাঠামো নির্মাণের পাশাপাশি হাওর এলাকার জনগণের জীবনযাত্রার মান উন্নয়নের জন্য Threshing Floor নির্মার্ণ, Afforstration, বজ্রপাতের ঝুঁকি হতে রক্ষার্থে Lightining Arrester স্থাপনসহ অন্যান্য অবকাঠামো নির্মাণ অন্তর্ভুক্ত রয়েছে।

## ২০২২-২৩ অর্থ-বছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ

- ৮.০০ কিঃমিঃ বাঁধ নির্মাণ, ৫.০০ কিঃমিঃ বাঁধ পুনঃনির্মাণ/ মেরামত/ পুনরাকৃতিকরণ;
- ১ টি পানি নিয়ন্ত্রণ অবকাঠামো নির্মাণ ও ৩ টি সেচ অবকাঠামো পুনঃনির্মাণ;

+

প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০৪১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

প্রকল্প পরিচালক, হাওর এলাকায় বন্যা ব্যবস্থাপনা ও জীবনযাত্রার মান উন্নয়ন প্রকল্প-বাপাউবো অংশ

এবং

মহাপরিচালক, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

এর মধ্যে ২০২২ সালের জুন মাসের ..........২৬............তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

# সেকশন ১

## ১.১ সাধারণ কার্যাবলি:

(ক) পানি সম্পদ মন্ত্রনালয়ের উদ্যোগে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়নাধীন ''হাওর এলাকায় বন্যা ব্যবস্থাপনা ও জীবনযাত্রার মান উন্নয়ন প্রকল্প (বাপাউবো অংশ)'' শীর্ষক প্রকল্প বাংলাদেশের ৭টি হাওর জেলায় মোট ৩৭৩টি হাওর (হাওর মাষ্টার প্লান রিপোর্ট এপ্রিল , ২০১২) এর মধ্যে ৬টি জেলার ২৭টি হাওর (১৩টি নতুন হাওর এবং ১৪টি পুনর্বাসন হাওর) নিয়ে এ প্রকল্পের আওতায় বন্যা ব্যবস্থাপনা ও জীবনযাত্রার মান উন্নয়ন সংক্রান্ত কার্যক্রম বাস্তবায়নাধীন রয়েছে। এই প্রকল্পের মূল উদ্দেশ্যঃ

(১) বন্যা ব্যবস্থাপনা (Flood Management) এর মাধ্যমে বোরো ধানকে আগাম বন্যা হতে রক্ষা করা এবং

(২) কৃষি প্রবর্ধনের মাধ্যমে প্রকল্প এলাকার জনগনের জীবনযাত্রার মান উন্নয়ন করা।

(খ) এ প্রকল্পের বন্যা ব্যবস্থাপনা কার্যক্রমের আওতায় ২৭টি হাওর (১৩টি নতুন এবং ১৪টি পুরাতন) এ বাঁধ নির্মাণ, বাঁধ পুনঃনির্মাণ/মেরামত/পুনরাকৃতিকরণ, নদী পুনঃখনন, নিষ্কাশন খাল খনন/পুনঃখনন, পানি নিয়ন্ত্রণ কাঠামো নির্মাণ ও পুনঃনির্মাণ, সেচ কাঠামো নির্মাণ ইত্যাদি কার্যক্রম চলমান রয়েছে।

(গ) এ প্রকল্পের জীবনযাত্রার মান উন্নয়ন কার্যক্রম এর আওতায় কৃষি প্রবর্ধন স্থানীয় প্রশিক্ষণ, Agriculture Promotion Support Sub-project & Small Scale Income Generation Sub-project ইত্যাদি কাজ) এর মাধ্যমে ২৭টি হাওর অঞ্চলে জনগনের জীবনযাত্রার মান উন্নয়ন সংক্রান্ত কার্যক্রম চলমান রয়েছে।

# সেকশন ২ কর্মসম্পাদন পরিকল্পনা

| কর্মসম্পাদন ক্ষেত্র | ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন | | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২২-২৩ | | | | | প্রক্ষেপণ | প্রক্ষেপণ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | ২০২০-২১ | ২০২১-২২* | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | ২০২৩-২৪ | ২০২৪-২৫ |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ | ১৬ |
| কর্মসম্পাদন ক্ষেত্রসমূহ (বিধি/আইন দ্বারা নির্ধারিত দায়িত্ব অনুযায়ী) | | | | | | | | | | | | | | | |
| [১] নদীর নাব্যতা বৃদ্ধি, বন্যা নিয়ন্ত্রণ ও নদী ভাঙ্গন প্রতিরোধ ব্যবস্থা জোরদারকরণ; | ৪০ | [১.১] বাঁধের মাধ্যমে বন্যা প্রতিরোধ ও নিয়ন্ত্রণ | [১.১.১] বাঁধ নির্মাণ | সমষ্টি | কিঃমিঃ | ২৫ | ৫০.০০ | ১০.০০ | ১১.০০ | ১০.০০ | ৯.০০ | ৮.০০ | ৭.০০ | - | - |
| | | | [১.১.২] বাঁধ পুনঃনির্মাণ/ মেরামত/ পুনরাকৃতিকরণ | সমষ্টি | কিঃমিঃ | ১৫ | ৬.০০ | ৩.০০ | ৫.০০ | ৪.৫০ | ৪.০০ | ৩.৫০ | ৩.০০ | - | - |
| [২] সেচ ব্যবস্থার সুষম, সমন্বিত ও টেকসই উন্নয়ন; | ২৪ | [২.১] ভূ-পরিস্থ সেচ সুবিধা সম্প্রসারণ | [২.১.১] সেচ কাঠামো পুনঃনির্মাণ/মেরামত/পুনর্বাসন | সমষ্টি | সংখ্যা | ১৫ | ৫০ | ১৫ | ৩ | ২ | ১ | - | - | - | - |
| | | [২.২] নদ-নদী ও খালের মাধ্যমে বন্যার পানি নিষ্কাশন করে কৃষি সহায়ক পরিবেশ সৃষ্টি | [২.২.১] পানি নিয়ন্ত্রণ কাঠামো নির্মাণ | সমষ্টি | সংখ্যা | ১৫ | ৪ | ১০ | ১ | - | - | - | - | - | - |

আমি, প্রকল্প পরিচালক, হাওর এলাকায় বন্যা ব্যবস্থাপনা ও জীবনযাত্রার মান উন্নয়ন প্রকল্প-বাপাউবো অংশ, হিসেবে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের মহাপরিচালকের নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সচেষ্ট থাকব।

আমি, মহাপরিচালক, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড হিসেবে হাওর এলাকায় বন্যা ব্যবস্থাপনা ও জীবনযাত্রার মান উন্নয়ন প্রকল্প-বাপাউবো অংশ এর প্রকল্প পরিচালকের নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত:

| | |
|---|---|
| ---------------------------------------- | ২৬.০৬.2022<br>------------------------------ |
| প্রকল্প পরিচালক, হাওর এলাকায় বন্যা ব্যবস্থাপনা ও জীবনযাত্রার মান উন্নয়ন প্রকল্প-বাপাউবো অংশ | তারিখ |
| ---------------------------------------- | 2৬.০৬.2022<br>------------------------------ |
| মহাপরিচালক, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড | তারিখ |

# সংযোজনী-১ শব্দসংক্ষেপ

## বাংলা

| সংক্ষিপ্তরুপ | পূর্ণাঙ্গরুপ |
|---|---|
| পাসম | পানি সম্পদ মন্ত্রণালয় |
| বাপাউবো | বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড |

## ইংরেজি

| সংক্ষিপ্তরুপ | পূর্ণাঙ্গরুপ |
|---|---|
| MoWR | Ministry of Water Resources |
| BWDB | Bangladesh Water Development Board |
| SDG | Sustainable Development Goal |
| PSC | Project Steering Committee |
| PIC | Project Implementation Committee |

## সংযোজনী- ২:
## কর্মসম্পাদন ব্যবস্থাপনা ও প্রমাণক

| ক্রমিক নম্বর | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনের প্রমাণক |
|---|---|---|---|
| ১ | [১.১] বাঁধের মাধ্যমে বন্যা ব্যবস্থাপনা | [১.১.১] বাঁধ নির্মাণ | সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক কর্তৃক স্বাক্ষরিত প্রত্যয়নপত্র, Project Steering Committee (PSC) ও Project Implementation Committee (PIC) এর সভার কার্যবিবরণী |
| | | [১.১.২] বাঁধ পুনঃনির্মাণ/ মেরামত/ পুনরাকৃতিকরণ | ঐ |
| ২ | [২.১] ভূ-পরিস্থ সেচ সুবিধার সম্প্রসারণ | [২.১.১] সেচ কাঠামো পুনঃনির্মাণ/ মেরামত/ পুনর্বাসন | ঐ |
| | [২.২] নদ-নদী ও খালের মাধ্যমে বন্যার পানি নিষ্কাশন করে কৃষি সহায়ক পরিবেশ সৃষ্টি | [২.২.১] পানি নিয়ন্ত্রণ কাঠামো নির্মাণ | ঐ |
| ৩ | [৩.১] দেশব্যাপি বাঁধের ঢাল, খালের পাড় এবং বাপাউবো'র নিজস্ব জায়গায় বৃক্ষরোপণ | [৩.১.১] বৃক্ষরোপণের দৈর্ঘ্য | ঐ |